



হাদীর ওপর হামলাকারীদের গ্রোফতারে প্রধান উপদেষ্টার নির্দেশ



সংগৃহীত ছবি

ঢাকা-৮ আসনের স্বতন্ত্র এমপি পদপ্রার্থী ও ইনকিলাব মঞ্চের মুখপাত্র শরিফ ওসমান হাদীর ওপর সশস্ত্র হামলার ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করেছেন প্রধান উপদেষ্টা। হামলাকারীদের দ্রুত শনাক্ত করে আইনের আওতায় আনতে তিনি আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে কঠোর নির্দেশ দিয়েছেন।

গুক্রবার (১২ ডিসেম্বর) এক প্রেস বিবৃতিতে প্রধান উপদেষ্টা বলেন—নির্বাচনী পরিবেশে এ ধরনের সহিংসতা অগ্রহণযোগ্য এবং শান্তিপূর্ণ রাজনীতির জন্য অত্যন্ত দুঃখজনক। তিনি আহত ওসমান হাদীর সর্বোচ্চ চিকিৎসা নিশ্চিত করে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে সব প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার নির্দেশ দেন এবং চিকিৎসা কার্যক্রম নিবিড়ভাবে তদারকির জন্য স্বাস্থ্য মন্ত্রণালয়কে বিশেষ দিকনির্দেশনা প্রদান করেন।

বিবৃতিতে আরও বলা হয়, হামলার পেছনে কোনো সংগঠিত পরিকল্পনা থাকলে তা উন্মোচনে তাৎক্ষণিক উদ্যোগ নিতে হবে। এজন্য ঘটনাস্থল থেকে আলামত সংগ্রহ, প্রত্যক্ষদর্শীর জবানবন্দী গ্রহণ, সিসিটিভি ফুটেজ বিশ্লেষণসহ বিস্তৃত তদন্ত চালাতে হবে।

ড. ইউনুস স্পষ্ট করে বলেন—“নির্বাচনকে ব্যাহত করার লক্ষ্য নিয়ে কোনো সহিংসতা বরদাশত করা হবে না। জনগণের নিরাপত্তা ও প্রার্থীদের নির্বিঘ্ন চলাচল নিশ্চিত করা সরকারের দায়িত্ব, এবং দোষী যেই হোক তাকে আইনের মুখোমুখি হতে হবে।”

প্রধান উপদেষ্টা সকল রাজনৈতিক দল, কর্মী-সমর্থক ও নাগরিকদের শান্ত ও সংযত থাকার আহ্বান জানান, যাতে আসন্ন নির্বাচন শান্তিপূর্ণ ও অংশগ্রহণমূলক পরিবেশে অনুষ্ঠিত হতে পারে।